

বঙ্গভবন ১৬ অক্টোবর ২০২২:

পুলিশের নবনিযুক্ত মহাপরিদর্শক চৌধুরী আব্দুল্লাহ আল মামুন আজ সন্ধ্যায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

নতুন আইজি -কে অভিনন্দন জানিয়ে রাষ্ট্রপতি বলেন, পুলিশকে জনগণের আস্থা অর্জন করতে হবে। এজন্য পুলিশকে সেবার মনোভাব নিয়ে কাজ করার কথা বলেন রাষ্ট্রপতি।

রাষ্ট্রপতির প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন ব্রিফিং এ জানান সাক্ষাৎকালে নতুন আইজিপি দায়িত্ব পালনে রাষ্ট্রপতির দিকনির্দেশনা ও সার্বিক সহযোগিতা কামনা করেন।

রাষ্ট্রপতির সচিবগণ এ সময় উপস্থিত ছিলেন।